

স্মারক নং-চুয়েট/রেজিঃ/কাউ-১৬/১৫২.৬

তারিখঃ ১৭/০৫/২০১৮ খ্রিঃ।

কম্পট্রোলার
চুয়েট।

বিষয়ঃ অত্র বিশ্ববিদ্যালয়ে ক্যাটাগরী অনুযায়ী বাসা ভাড়া নির্ধারণের লক্ষ্যে গঠিত কমিটির প্রতিবেদন পুনর্বিবেচনা।

উপরোক্ত বিষয়ে গত ২৯/০৪/২০১৮ খ্রিঃ তারিখে অনুষ্ঠিত ১০৬তম সিন্ডিকেট সভার সিদ্ধান্ত আপনার অবগতি ও প্রয়োজনীয় ব্যবস্থা গ্রহণের জন্য নিম্নে উদ্ধৃত হল।

“সিদ্ধান্ত-১০৬/১৪ঃ অত্র বিশ্ববিদ্যালয়ে ক্যাটাগরী অনুযায়ী বাসা ভাড়া নির্ধারণের লক্ষ্যে গঠিত যাচাই বাছাইকরণ কমিটির প্রতিবেদন/প্রস্তাব নিম্নোক্তভাবে অনুমোদিত হল।

১।

ভবনের টাইপ/প্রকৃতি	নির্ধারিত মাসিক ভাড়ার বিবরণ
ডরমেটরী (৯ম গ্রেড (১ম শ্রেণী) এবং তদুর্ধ্ব শিক্ষক/কর্মকর্তাদের জন্য একক বাসা)	প্রতি কক্ষে একজন করে বরাদ্দ পাবেন। প্রতি কক্ষের ভাড়া পানি, বিদ্যুৎ, গ্যাস বিল বাদে ১৮০০/- (এক হাজার আটশত) টাকা করে নির্ধারণ করা হল।
খ টাইপ বাহলো, গ টাইপ ভবন, ঙ টাইপ ভবন (প্রভাষক, সহকারী অধ্যাপক পদে কর্মরত শিক্ষকদের একক বাসা)	প্রতি কক্ষে একজন করে বরাদ্দ পাবেন। প্রতি কক্ষের ভাড়া পানি, বিদ্যুৎ, গ্যাস বিল বাদে ১০০০/- (এক হাজার) টাকা করে নির্ধারণ করা হল।
বটতলার বাসা (৩য় ও ৪র্থ শ্রেণীর কর্মচারীদের Sub Standarded আবাসিক বাসা)	প্রতিটি আবাসিক বাসা মাসিক ৮০০/- (আটশত) টাকা নির্ধারণ করা হল। গ্যাস ও বিদ্যুৎ বিল বাসায় বসবাসকারীগণের নিকট থেকে নিয়মানুযায়ী কর্তন করা হবে।
সেমি-পাকা ডরমেটরী (৩য় ও ৪র্থ শ্রেণীর কর্মচারীদের একক বাসা)	প্রতিটি কক্ষ মাসিক ৩০০/- (তিনশত) টাকা নির্ধারণ করা হল। তবে একাধিক কর্মচারীকে একই কক্ষে বরাদ্দ দেয়া হলে কক্ষের ভাড়া জনপ্রতি বিভাজন হবে।

২। বর্তমানে প্রচলিত মূল বেতনের সাথে শতকরা হারে বাসা ভাড়া বিদ্যমান থাকায় নির্ধারিত হারে মাসিক ভাড়া কর্তনে বছর ভিত্তিক মূল্যস্ফীতি বিবেচনায় বাসা ভাড়া পুনঃনির্ধারণ না করা পর্যন্ত সর্বসাকুল্যে প্রস্তাবিত ভাড়া সমূহের ক্ষেত্রে প্রতি বছর জুলাই মাস থেকে (অর্থাৎ ১লা জুলাই ২০১৯) প্রস্তাবিত ভাড়ার উপর ৫% হারে বর্ধিত করতঃ মাসিক ভাড়া নির্ধারণ করা হবে।

৩। পারিবারিক আবাসনের ক্ষেত্রে ভাড়া জাতীয় বেতন স্কেল ২০১৫ অনুযায়ী নির্ধারণ করা হবে। তবে প্রাপ্য ক্যাটাগরীর চেয়ে নিচের/উপরের ক্যাটাগরীর বাসায় অবস্থানের ক্ষেত্রে কমিটির নিম্নোক্ত প্রস্তাবনা অনুমোদিত হল।

ভবনের টাইপ/প্রকৃতি	নির্ধারিত মাসিক ভাড়ার বিবরণ
প্রাপ্য ক্যাটাগরীর চেয়ে নিচের/উপরের ক্যাটাগরীর বাসায় অবস্থান।	ক) কোন শিক্ষক/কর্মকর্তা/কর্মচারী তাঁর প্রাপ্য ক্যাটাগরীর চেয়ে নিচের ক্যাটাগরীর বাসায় অবস্থান করলে ঐ ক্যাটাগরীর সর্বোচ্চ মূল বেতন এবং অবস্থানকারীর মূল বেতনের উপর নির্ধারিত হারে ভাড়া এই দুয়ের মধ্যে সর্বনিম্ন পরিমাণ বাসা ভাড়া ভাতা হিসাবে কর্তন যোগ্য হবে। খ) কোন শিক্ষক/কর্মকর্তা/কর্মচারী তাঁর প্রাপ্য ক্যাটাগরীর চেয়ে উপরের ক্যাটাগরীর বাসায় অবস্থান করলে ঐ ক্যাটাগরীর সর্বনিম্ন মূল বেতন এবং অবস্থানকারীর মূল বেতনের উপর নির্ধারিত হারে ভাড়া এই দুয়ের মধ্যে সর্বোচ্চ পরিমাণ বাসা ভাড়া ভাতা হিসাবে কর্তন যোগ্য হবে।

৪। কমিটির প্রতিবেদন অনুযায়ী নির্ধারিত বাসা ভাড়া কর্তনের বিষয়ে অবস্থানকারী সংশ্লিষ্ট শিক্ষক/কর্মকর্তা/কর্মচারীদের বিরুদ্ধে ভবিষ্যতে কোন প্রকার অডিট আপত্তি উত্থাপিত হলে আপত্তি অনুযায়ী অর্থ ফেরত প্রদানে তাঁরা বাধ্য থাকবেন।

 

৫। শিক্ষক/কর্মকর্তাগণ অনুমোদিত মাসিক ভাড়ায় ডরমেটরিতে ২ বছর অবস্থান করতে পারবেন এবং এই সুযোগ চাকরি জীবনে ১ বার পাবেন। শিক্ষক/কর্মকর্তাগণ ২ বছরের বেশি সময়ের জন্য অবস্থান করলে সরকারি নিয়মে বাসা ভাড়া কর্তন করা হবে।

৬। ইহা অধ্যকার সিডিকেট সভার তারিখ হতে কার্যকর হবে।”

M. M. M. M.
29/05/2018

(প্রফেসর ড. ফারুক-উজ-জামান চৌধুরী)
রেজিস্ট্রার (অতিরিক্ত দায়িত্ব)
এবং
সচিব, সিডিকেট
চট্টগ্রাম প্রকৌশল ও প্রযুক্তি বিশ্ববিদ্যালয়।

তারিখঃ ১৭/০৫/২০১৮ খ্রিঃ।

স্মারক নং-চুয়েট/রেজিঃ/কাউ-১৬/ ২০১৬ (৪)

অবগতির ও প্রয়োজনীয় ব্যবস্থা গ্রহণার্থে অনুলিপি প্রেরিত হলঃ

- ১। সকল ডীন/পরিচালক/বিভাগীয় প্রধান/পরীক্ষা নিয়ন্ত্রক/অফিস প্রধান/শাখা প্রধান, চুয়েট (উক্ত সিদ্ধান্ত সকলকে অবহিতকরণের অনুরোধ সহকারে)।
- ২। পিএস- টু ভিসি, চুয়েট-ভিসি মহোদয়ের সদয় জ্ঞাতার্থে।
- ৩। পিও টু রেজিস্ট্রার, চুয়েট।
- ৪। সংরক্ষণ/সংশ্লিষ্ট নথি।

M. M. M. M.
29.05.2018

(মুহাম্মদ নাছির উদ্দিন)
সহকারী রেজিস্ট্রার (কাউন্সিল)
চট্টগ্রাম প্রকৌশল ও প্রযুক্তি বিশ্ববিদ্যালয়।